“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৪.১৬.০০১.১৯-২১১

০৪ কার্তিক ১৪২৭ বঃ
২০ অক্টোবর ২০২০ খ্রিঃ

**বিষয়ঃ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ/প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২০-১০-২০২০ ইং তারিখে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ/প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো। ।

সংযুক্তি : বর্ণনামতে।

20/10/2020
(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৪১০৩০২৪৯
dsparliament@probashi.gov.bd

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। উপসচিব (সেবা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। সিনিয়র সহকারী সচিব, সংসদ ও সমন্বয় শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। অফিস/মাস্টার কপি।

## স্ব-প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা হালনাগাদকরণ/প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহীদুল আলম, এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২০-১০-২০২০ বেলা ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাপতির অফিস কক্ষ (৬ষ্ঠ তলা) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০২০-২১ এর ৪.৩ নং কর্মসম্পাদন সূচকের আওতায় আগামী ৩১-১২-২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা হালনাগাদপূর্বক প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে মর্মে সভাপতি সকলকে অবহিত করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে স্বপ্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা পরিবীক্ষণ/হালনাগাদ/ প্রণয়ন সংক্রান্ত কমিটির সদস্য সচিব মন্ত্রিপরিষদ বিভাগের অনুকরণে প্রস্তুতকৃত "স্বপ্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা, ২০২০ (খসড়া)" উপস্থাপন করেন। কমিটির সদস্যবৃন্দ প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকার উপর গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন এবং এটি প্রণয়নের জন্য করণীয় সম্পর্কে আলোচনা করেন।

২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) কমিটি কর্তৃক প্রকাশযোগ্য তথ্যের তালিকা" ওয়েবসাইটে আপলোডকরণ | সভার সদস্যগণ প্রস্তুতকৃত খসড়া স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাটির পরিশিষ্ট-১ অর্থাৎ "স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম"-এ প্রয়োজনীয় সংশোধনী আনয়নের জন্য সভায় সকলে মতামত প্রদান করেন এবং দ্রুততম সময়ের মধ্যে সংশোধিত তালিকা ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা হয়। | আগামী ৩০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রয়োজনীয় সংশোধনপূর্বক "স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা" মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (RTI)/ সিস্টেম এনালিস্ট |
| ২) স্ব--প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ চূড়ান্ত অনুমোদন | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ সচিব মহোদয় কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুততম সময়ের মধ্যে নথি উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | আগামী ৩০-১০-২০২০ তারিখের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ চূড়ান্ত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (RTI)/ সদস্য সচিব (স্ব-প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা প্রণয়ন কমিটি) |
| ৩) ওয়েবসাইটে আপলোডকরণ | সচিব মহোদয় কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ এর প্রতি পাতায় কমিটির সকল সদস্যের | আগামী ০৫-১১-২০২০ তারিখের মধ্যে প্রতি | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (RTI)/ |

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | স্বাক্ষর গ্রহণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা হয়। | পাতায় কমিটির সকল সদস্যের স্বাক্ষর গ্রহণপূর্বক স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ৪) স্ব--প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ মুদ্রণ ও প্রকাশ | সভায় স্ব--প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ মুদ্রণ ও প্রকাশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের অনুকরণে প্রস্তুতকৃত স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাটিতে কোনো ছবি থাকছে না, সেহেতু এটি বাংলাদেশ গভর্ণমেন্ট প্রিন্টিং প্রেস হতে মুদ্রণ করাই যুক্তিযুক্ত হবে মর্মে আলোচনা হয়। এ প্রেক্ষিতে মন্ত্রণালয়ের আইসিটি শাখা হতে নির্দেশিকার সফটকপিটি ইপিএস (EPS) ফরমেটে প্রস্তুত করে বাংলাদেশ গভর্ণমেন্ট প্রিন্টিং প্রেসে মুদ্রণের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ ইপিএস ফরমেটে আগামী ১০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ গভর্ণমেন্ট প্রিন্টিং প্রেসে মুদ্রণের জন্য প্রেরণ করতে হবে। | সংসদ ও সমন্বয়/ সেবা / আইসিটি শাখা |

পরিশেষে, সভাপতি সকলকে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২০ প্রকাশের জন্য আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৭/২০২০

মোঃ শহীদুল আলম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক
স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা
প্রণয়ন কমিটি